



নোবিপ্রবি/রেজি/একা/জিএসটি/ভর্তি: ২০২৫-২৬/২০২৬/১৩৬২২

০৭ জুন ২০২৬

২০২৫-২৬ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের প্রাথমিক ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি (প্রথম পর্যায়)


কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের প্রথম পর্যায়ের প্রাথমিক ভর্তি প্রক্রিয়া GST ওয়েব সাইট (<https://gstadmission.ac.bd/>) এর মাধ্যমে নিম্নে উল্লেখিত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে।

- প্রাথমিক ভর্তি ফি (৫০০০.০০) প্রদান: ০৭/০৬/২০২৬ তারিখ দুপুর ১২:০০ টা হতে ১০/০৬/২০২৬ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত।
- মূল কাগজপত্র জমা : ০৮/০৬/২০২৬ তারিখ হতে ১১/০৬/২০২৬ তারিখ প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ০৩:০০ টা পর্যন্ত।

২০২৫-২৬ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে বিষয়প্রাপ্ত (প্রথম পর্যায়) হয়ে প্রাথমিক ভর্তি ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদানকৃত শিক্ষার্থীদের এসএসসি এবং এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র আগামী ০৮ জুন ২০২৬ তারিখ থেকে ১১ জুন ২০২৬ বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামের নিচ তলায় সকাল ১০.০০ টা হতে বিকেল ৩.০০ টা পর্যন্ত জমা নেয়া হবে। উল্লেখিত সময়ের মধ্যে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবশ্যই সশরীরে একটি A4 সাইজ খামের উপরে নাম, GST রোল নম্বর, ইউনিট, মেরিট পজিশন এবং প্রাপ্ত বিষয়ের নাম লিখে এসএসসি এবং এইচএসসি'র মূল নম্বরপত্র জমা দিতে হবে।

উল্লেখ্য, প্রাথমিক ভর্তি ফি ৫০০০.০০ টাকা অনলাইনে পরিশোধের পরেও নির্ধারিত সময়ের মধ্যে মূল কাগজপত্র জমা দেয়ার মাধ্যমে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করতে ব্যর্থ হলে ভর্তি বাতিল হয়ে যাবে। পরবর্তীতে GST এর কোন বিশ্ববিদ্যালয়ে এমনকি কোটায ভর্তির জন্যও বিবেচিত হবে না।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য <https://gstadmission.ac.bd/> এবং www.admission.nstu.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।


রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ০৭/০৬/২৬

সচিব, ভর্তি কমিটি ২০২৫-২৬
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

বিতরণ:


- ১। আহবায়ক ও সদস্য-সচিব, ভর্তি সহায়ক (সাক্ষাতকার ও অন্যান্য) উপ-কমিটি ২০২৫-২৬, নোবিপ্রবি।
- ২। আহবায়ক ও সদস্য-সচিব, আপ্যায়ন উপ-কমিটি ২০২৫-২৬, নোবিপ্রবি।
- ৩। আহবায়ক ও সদস্য-সচিব, সার্কুলার প্রণয়ন ও টেকনিক্যাল উপ-কমিটি ২০২৫-২৬, নোবিপ্রবি।
- ৪। পরিচালক (ভারপ্রাপ্ত), আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে প্রচারের অনুরোধসহ), নোবিপ্রবি।
- ৫। পরিচালক (অ. দা), পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দফতর (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), নোবিপ্রবি।
- ৬। পি ইউ ও, বিএনসিসি (প্রয়োজনীয় সহযোগীতার অনুরোধসহ) নোবিপ্রবি।
- ৭। ম্যানেজার, এস্টেট শাখা, রেজিস্ট্রার দফতর (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), নোবিপ্রবি।

নোবিপ্রবি/রেজি/একা/জিএসটি/ভর্তি: ২০২৫-২৬/২০২৬/১৩৬২২

০৭ জুন ২০২৬

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। ডিন, সকল অনুষদ, নোবিপ্রবি।
- ২। পরিচালক, সকল ইনস্টিটিউট, নোবিপ্রবি।
- ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, নোবিপ্রবি।
- ৪। ডেপুটি রেজিস্ট্রার, প্রশাসন শাখা, রেজিস্ট্রার দফতর (কক্ষ বরাদ্দের অনুরোধসহ), নোবিপ্রবি।
- ৫। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
- ৬। উপ-উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
- ৭। ডেপুটি রেজিস্ট্রার (অ. দা.), কোষাধ্যক্ষ মহোদয়ের দফতর, নোবিপ্রবি।
- ৮। ব্যক্তিগত শাখা, রেজিস্ট্রার দফতর, নোবিপ্রবি; ৯। নথি। ১০। মহানথি।


মোহাম্মদ সাইফুদ্দীন ০৭/০৬/২৬
ডেপুটি রেজিস্ট্রার
শিক্ষা শাখা, রেজিস্ট্রার দফতর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।